বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২৩১.০৬.০০৮.১৭/৮০৬ তারিখঃ ০২/১২/২০২৫খ্রিঃ

## 'অফিস আদেশ'

এতদ্বারা কর্তৃপক্ষের আবাসিক এলাকায় বসবাসরত সকল এলোটিদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আবাসিক এলাকার সার্বিক পরিচ্ছন্নতা, সুষ্ঠু ব্যবস্থাপনা, সৌন্দর্য ও স্বাস্থ্য সুরক্ষার স্বার্থে নিম্নরূপ নির্দেশনা প্রতিপালনের জন্য অনুরোধ করা হলোঃ

(ক) আবাসিক এলাকায় ভবনের ছাদে/বারান্দায় বা আশপাশে মুরগি, কবুতরসহ যেকোনো ধরণের পশু-পাখি পালন করা যাবে না।

(খ) এডিস মশার প্রজনন রোধকল্পে যত্রতত্র মাটির টব স্থাপন করা যাবে না।

(গ) ভবনের চারপাশে কোনো ধরণের ময়লা-আবর্জনা ফেলা যাবে না। আবাসিক এলাকায় স্থাপিত নির্ধারিত ডাস্টবিনে নিজ দায়িত্বে ময়লা-আবর্জনা ফেলতে হবে।

(ঘ) প্রকৌশল বিভাগের কারিগরি দৃষ্টিকোন অনুযায়ী আবাসিক ভবনসমূহ ছাদকৃষি করার উপযোগী নয় বিধায় ছাদকৃষি করা যাবে না।

(ঙ) বরাদ্দকৃত বাসা সাবলেট অথবা সম্পূর্ণ বাসা ভাড়া প্রদান করা যাবে না। এছাড়া কোনো ব্যবসায়িক উদ্দেশ্যে বা অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।

২.০ এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা ও বাসা বরাদ্দ পত্রের শর্ত প্রতিপালন না করলে বিদ্যমান আবাসন নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট এলোটির বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.০ ইহা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রেরণ করা হলো।

২/১২/২৫
মোঃ সানিউল ফেরদৌস
উপসচিব
পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সদস্য (সকল) ............................................................, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক (হশাআবি/ সেমসু), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
০৪। পরিচালক (সকল) ............................................................, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
০৫। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (অফিস আদেশটি কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। প্রকল্প পরিচালক, হশাআবি সম্প্রসারণ প্রকল্প, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) ............................................ সিএএবি, কুর্মিটোলা, ঢাকা

(০১–০৭: আপনার অধীনে কর্মরত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণের অবগতির অনুরোধসহ)

০৮। পিএস টু চেয়ারম্যান, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)